গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস

সিলেট।

www.dip.gov.bd

# সেবা প্রদান প্রতিশ্রুতি(Citizen's Charter)

## ভিশন ও মিশন

ভিশন : সিলেট বিভাগের পাসপোর্ট প্রত্যাশী বাংলাদেশী নাগরিকদের আন্তরিকভাবে পাসপোর্ট সেবা এবং এ বিভাগে অবস্থানরত বিদেশীদের বাংলাদেশে গমনাগমন/ অবস্থানের জন্য ভিসার মেয়াদ বৃদ্ধি ও দেশত্যাগের অনুমতি প্রদান এবং অফিসের অবকাঠামোগত উন্নয়ন।

মিশন : সিলেট বিভাগে বসবাসরত বাংলাদেশী নাগরিকদেরকে বিধি মোতাবেক সহজ ও দ্রুততম সময়ে নির্ভুল পাসপোর্ট প্রদান এবং বিদেশী নাগরিকদেরকে ভিসার মেয়াদ বৃদ্ধি, NVR ও দেশ ত্যাগের অনুমতি প্রদানের মাধ্যমে পাসপোর্ট ও ভিসার গ্রহণযোগ্যতা বৃদ্ধি করা।

| ক্র: নং | সেবা গ্রহীতা | সেবার নাম | আবেদন ফরম ও আনষঙ্গিক প্রমাণক/কাগজপত্রাদি | পাসপোর্ট/ভিসা ফি (১৫% ভ্যাটসহ) | পাসপোর্ট/ভিসা বিতরণের সম্ভাব্য সময় | তথ্য প্রদানকারী কর্মকর্তা | উর্ধ্বতন কর্মকর্তা (যার কাছে আপীল করা যাবে) |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | বাংলাদেশী নাগরিক | e-Passport আবেদন প্রক্রিয়া (সাধারণ ক্যাটাগরি) | ১। অনলাইনে পূরণকৃত-১ সেট epassport আবেদন ফরম ও সিডিউল এর কপি<br>২। জাতীয় পরিচয়পত্র ( NID)/ অনলাইন জন্ম নিবন্ধন সনদ ( BRC) এর ফটোকপি (বয়স ২০ বছরের উপরে হলে NID এবং ২০ বছর পর্যন্ত হলে NID/BRC প্রযোজ্য)<br>৩। বিদ্যমান MRP/epassport Data ও ছবির ফটোকপি-১ সেট (পূর্বে NID/ epassport থাকলে)<br>৪। পাসপোর্ট ফিস জমাদানের মূল ব্যাংক রশিদ;<br>৫। ১৮ (আঠার) বছরের নিম্নের আবেদনকারীদের পিতা-মাতার NID কার্ডের ফটোকপি;<br>৬। বিশেষ পেশা যেমনঃ Doctor Engineer, Driver ইত্যাদির ক্ষেত্রে পেশার স্বপক্ষে উপযুক্ত সনদ সংযোজন করতে হবে<br>৭। প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য ডকুমেন্ট;<br>৮। আবেদনপত্র জমার সময় দাখিলকৃত সকল সনদ যেমন- NID/BRC/অন্যান্য Document (প্রযোজ্য মতে) ইত্যাদির মূল কপি এবং পূর্বের মূল পাসপোর্ট(যদি থাকে) সংশ্লিষ্ট পাসপোর্ট কর্মকর্তাকে প্রদর্শন করতে হবে। | **সাধারণ ফি (Regular Fee)**<br>৪৮ পৃষ্ঠা: ৫ বছর ৪০২৫; ১০ বছর ৫৭৫০<br>৬৪ পৃষ্ঠা: ৫ বছর ৬৩২৫; ১০ বছর ৮০৫০<br>**জরুরী ফি (Express Fee)**<br>৪৮ পৃষ্ঠা: ৫ বছর ৬৩২৫; ১০ বছর ৮০৫০<br>৬৪ পৃষ্ঠা: ৫ বছর ৮৬২৫; ১০ বছর ১০৩২৫<br>**অতীব জরুরী ফি (Super Express Fee)**<br>৪৮ পৃষ্ঠা: ৫ বছর ৮৬২৫; ১০ বছর ১০৩৫০<br>৬৪ পৃষ্ঠা: ৫ বছর ১২০৭৫; ১০ বছর ১৩৮০০ | ১৫ কর্মদিবস - আবেদনপত্রের সাথে পুলিশ ক্লিয়ারেন্স দাখিল করা ও সকল তথ্যাদি সঠিক থাকা সাপেক্ষে<br>৭ কর্মদিবস - আবেদনপত্রের সাথে পুলিশ ক্লিয়ারেন্স দাখিল করা ও সকল তথ্যাদি সঠিক থাকা সাপেক্ষে<br>২ কর্মদিবস- আবেদনপত্রের সাথে পুলিশ ক্লিয়ারেন্স দাখিল করা ও সকল তথ্যাদি সঠিক থাকা সাপেক্ষে (বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা হতে পাসপোর্ট সংগ্রহ করতে হবে) | উপসহকারী পরিচালক | পরিচালক<br>০১৭৩৩-৩৯৩৩৬১<br>ই-মেইল:<br>rposylhet@passport.gov.bd |
| ২। | ঐ | হারানো পাসপোর্ট পূণঃআবেদন প্রক্রিয়া (ইতোপূর্বে ইস্যুকৃত MRP/ epassport হারানো গেলে) | ১। অনলাইনে পূরণকৃত-১ সেট epassport আবেদন ফরম ও সিডিউল এর কপি<br>২। জাতীয় পরিচয়পত্র( NID)/ অনলাইন জন্ম নিবন্ধন সনদ ( BRC) এর ফটোকপি-১ সেট (বয়স ২০বছরের উপরে হলে NID এবং ২০ বছর পর্যন্ত হলে NID/BRCপ্রযোজ্য)<br>৩। সংশ্লিষ্ট থানার জিডি এর মূল কপি।<br>৪। পাসপোর্ট ফিস জমাদানের মূল ব্যাংক রশিদ।<br>৫। হারানো পাসপোর্টের ( MRP/ epassport) ফটোকপি/ডেলিভারী স্লিপ (যদি থাকে)<br>৬। বিশেষ পেশা যেমন- Doctor, Engineer, Advocate, Driver ইত্যাদির ক্ষেত্রে পেশার স্বপক্ষে সনদ সংযোজন করতে হবে;<br>৭। হারানো পাসপোর্টের অনুরূপ তথ্যে আবেদন ফরম পূরণ করতে হবে;<br>৮। আবেদন জমার সময় দাখিলকৃত সকল সনদ যেমন-NID/BRC/অন্যান্য Document (প্রযোজ্য মতে) | ঐ | ঐ | | |

| ক্র: নং | সেবা গ্রহীতা | সেবার নাম | আবেদন ফরম ও আনষঙ্গিক প্রমাণক/কাগজপত্রাদি | পাসপোর্ট/ভিসা ফি (১৫% ভ্যাটসহ) | পাসপোর্ট/ভিসা বিতরণের সম্ভাব্য সময় | তথ্য প্রদানকারী কর্মকর্তা | উর্ধ্বতন কর্মকর্তা (যার কাছে আপীল করা যাবে) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ইত্যাদির মূল কপি সংশ্লিষ্ট পাসপোর্ট কর্মকর্তাকে প্রদর্শন করতে হবে। | | | | |
| ৩। | ঐ | epassport ইস্যু (সাধারণ ক্যাটাগরি): সরকারী কর্মকর্তা/ কর্মচারীদের জন্যNOC সাপেক্ষে | ১। অনলাইনে পূরণকৃত-১সেট epassport আবেদন ফরম ও সিডিউল এর কপি<br>২। জাতীয় পরিচয়পত্র (NID)/অনলাইন জন্ম নিবন্ধন সনদ (BRC) এর ফটোকপি-১ সেট (২০ বছরের উপরে হলে NID এবং ২০বছর পর্যন্ত NID/BRCপ্রযোজ্য)<br>৩। বিদ্যমান MRP/epassport এর ফটোকপি-১ সেট (পূর্বে MRP/epassport থাকলে)<br>৪। পাসপোর্ট ফিস জমাদানের মূল ব্যাংক রশিদ;<br>৫। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/অধঃস্তন অফিস/ স্বায়ত্বশাসিত সংস্থা/রাষ্ট্রয়ত্ত কর্পোরেশন ও বিশেষ আইন, অধ্যাদেশ /আদেশে প্রতিষ্ঠিত বিভিন্ন কমিশন/অথরিটি-তে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত অনাপত্তি সনদ (NOC) দাখিল করতে হবে, যা ইস্যুকারী কর্তৃপক্ষের নিজ নিজ Web site এ Upload থাকতে হবে। আবেদন জমার সময় উক্ত NOC এর মূল কপি সংশ্লিষ্ট পাসপোর্ট কর্মকর্তাকে প্রদর্শন করতে হবে। | সাধারণ ফি **(Regular Fee)**<br>৪৮ পৃষ্ঠা — ৫ বছর — ৪০২৫<br>৪৮ পৃষ্ঠা — ১০ বছর — ৫৭৫০<br>৬৪ পৃষ্ঠা — ৫ বছর — ৬৩২৫<br>৬৪ পৃষ্ঠা — ১০ বছর — ৮০৫০<br>**অতীব জরুরী ফি (Super Express Fee)**<br>৪৮ পৃষ্ঠা — ৫ বছর — ৮৬২৫<br>৪৮ পৃষ্ঠা — ১০ বছর — ১০৩৫০<br>৬৪ পৃষ্ঠা — ৫ বছর — ১২০৭৫<br>৬৪ পৃষ্ঠা — ১০ বছর — ১৩৮০০ | জরুরী ০৭ কর্ম দিবস<br><br>অতীব জরুরী ০২ কর্ম দিবস (বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা হতে পাসপোর্ট সংগ্রহ করতে হবে) | | |
| ৪। | ঐ | epassport ইস্যু (অফিসিয়াল) সরকারী কর্মকর্তা/ কর্মচারীদের জন্য GO সাপেক্ষে | ১। অনলাইনে পূরণকৃত-১ সেট epassport আবেদন ফরম ও সিডিউল এর কপি<br>২। জাতীয় পরিচয়পত্র (NID) এর ফটোকপি;<br>৩। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/অধঃস্তন অফিস ও সাংবিধানিক সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী; স্বায়ত্বশাসিত সংস্থা/রাষ্ট্রায়ত্ত কর্পোরেশন এবং বিশেষ আইন, অধ্যাদেশ/আদেশে প্রতিষ্ঠিত বিভিন্ন কমিশন/অথরিটি-তে কর্মরত কর্মকর্তা (৯ম গ্রেড থেকে উর্ধ্বতন গ্রেড পর্যন্ত) এর ক্ষেত্রে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মা:নং ৫৮.০০.০০০০.০৪০.০৫.০০১.১৭.১০৬২ তাং ২৩/৫/২০১৭ খ্রি: এর নির্দেশনা মত যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত GO দাখিল করতে হবে, যা ইস্যুকারী কর্তৃপক্ষের নিজ নিজ Web site এ Upload থাকতে হবে এবং উক্ত GO এর মূল কপি আবেদন জমার সময় প্রদর্শন করতে হবে<br>৪। বিদ্যমান সর্বশেষ এমআরপি এর ফটোকপি-১ সেট (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৫। প্রযোজ্য ক্ষেত্রে পাসপোর্ট ফিস জমাদানের মূল ব্যাংক রশিদ। | সরকারী কাজে ও সরকারী আদেশ এর ভিত্তিতে বিনা ফি-তে এবং চিকিৎসা, পবিত্র হজ্জ পালন ও তীর্থস্থান ভ্রমণের ক্ষেত্রে নিম্নোক্ত ফি প্রযোজ্য<br>সাধারণ ফি **(Regular Fee)**<br>৪৮ পৃষ্ঠা — ৫ বছর — ৮৬২৫<br>৬৪ পৃষ্ঠা — ৫ বছর — ৬৩২৫<br>**অতীব জরুরী ফি (Super Express Fee)**<br>৪৮ পৃষ্ঠা — ৫ বছর — ৮৬২৫<br>সাধারণ ফি **(Regular Fee)** — ৫ বছর — ১২০৭৫ | জরুরী ০৭ কর্ম দিবস<br><br>জরুরী ০৭ কর্ম দিবস<br><br>অতীব জরুরী ০২ কর্ম দিবস (বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা হতে পাসপোর্ট সংগ্রহ করতে হবে) | | |
| ৫। | ঐ | epassport (সাধারণ ক্যাটাগরী/ অবসরপ্রাপ্ত সরকারী কর্মকর্তা/কর্মচারী ও তাঁর স্ত্রী) | ১। অনলাইনে পূরণকৃত-১ সেট epassport আবেদন ফরম ও সিডিউল এর কপি<br>২। জাতীয় পরিচয়পত্র এর ফটোকপি-০১ সেট;<br>৩। বিদ্যমান সর্বশেষ এমআরপি এর ফটোকপি-১সেট (পূর্বে MRP থাকলে)<br>৪। অবসরপ্রাপ্ত সরকারী কর্মকর্তা/কর্মচারীদের প্রত্যয়নপত্র/PRL Order/পেনশন বই Upload/সংযোজন করতে হবে, যা ইস্যুকারী কর্তৃপক্ষের নিজ নিজ Web site এ Upload থাকতে হবে এবং প্রাসজ্ঞিক প্রত্যয়নপত্র/পেনশন বই/PRL Order/অবসরোত্তর ছুটির আদেশ এর মূল কপি আবেদন জমার সময় সংশ্লিষ্ট পাসপোর্ট কর্মকর্তাকে প্রদর্শন করতে হবে।<br>৫। পাসপোর্ট ফি জমাদানের মূল ব্যাংক রশিদ। | সাধারণ ফি **(Regular Fee)**<br>৪৮ পৃষ্ঠা — ৫ বছর — ৬৩২৫<br>৪৮ পৃষ্ঠা — ১০ বছর — ৮০৫০<br>৬৪ পৃষ্ঠা — ৫ বছর — ৮৬২৫<br>৬৪ পৃষ্ঠা — ১০ বছর — ১০৩২৫<br>**অতীব জরুরী ফি (Super Express Fee)**<br>৪৮ পৃষ্ঠা — ৫ বছর — ৮৬২৫<br>৪৮ পৃষ্ঠা — ১০ বছর — ১০৩৫০<br>৬৪ পৃষ্ঠা — ৫ বছর — ১২০৭৫<br>৬৪ পৃষ্ঠা — ১০ বছর — ১৩৮০০ | জরুরী ০৭ কর্ম দিবস<br><br>অতীব জরুরী ০২ কর্ম দিবস (বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা হতে পাসপোর্ট সংগ্রহ করতে হবে) | | |
| ৬। | বিদেশী নাগরিক | ভিসা ইস্যু | ১. পাসপোর্ট সাইজেরল্যাব প্রিন্ট রঙ্গিন ছবিসহ আবেদন ফরম।<br>২. পাসপোর্ট, সর্বশেষ বৈধ ভিসা ও আগমন সিলের ফটোকপি,<br>৩. প্রযোজ্য ক্ষেত্রে ব্যাংক রশিদ, ওয়ার্ক | ক) দেশভিত্তিক ভিসা ফিসের তালিকা অনুযায়ী সোনালী ব্যাংকের নির্ধারিত শাখায় জমা করতে হবে।<br>খ) ভিসা ফি-এর তালিকা https://dip.gov.bd/site/page/4b2827cf-d95a-48fb-b3c4-794fa0dfd933/- ওয়েবসাইটহতে জানা যাবে। | ৩ কর্মদিবস থেকে ৩০ কর্মদিবস (শ্রেণিভেদে এবং অনুকূল তদন্ত | | |

| ক্র: নং | সেবা গ্রহীতা | সেবার নাম | আবেদন ফরম ও আনষঙ্গিক প্রমাণক/কাগজপত্রাদি | পাসপোর্ট/ভিসা ফি (১৫% ভ্যাটসহ) | পাসপোর্ট/ভিসা বিতরণের সম্ভাব্য সময় | তথ্য প্রদানকারী কর্মকর্তা | উর্ধ্বতন কর্মকর্তা (যার কাছে আপীল করা যাবে) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | পারমিট, নিরাপত্তা ছাড়পত্র, এবং সংশ্লিষ্ট সংস্থা/মন্ত্রণালয়/প্রতিষ্ঠানের সুপারিশপত্র ইত্যাদি।<br>৪. যে শ্রেণির ভিসার আবেদন করবেন সেই শ্রেণির ভিসা প্রাপ্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে।<br>৫. মূল পাসপোর্ট প্রদর্শন করতে হবে। | | প্রতিবেদন সাপেক্ষে)। | | |

**বিশেষ দ্রষ্টব্যঃ**

**ডেলিভারী** স্লিপে **পাসপোর্ট বিতরণের জন্য উল্লেখিত তারিখটি সম্ভাব্য দেয় তারিখ। কারিগরী সমস্যা/বিলম্বে পুলিশ প্রতিবেদন প্রাপ্তি/আবেদনকারী কর্তৃক কোন তথ্য গোপন/**Fatch Match **জনিত সমস্যা কিংবা পাসপোর্টের তথ্য পরিবর্তন ইত্যাদি কারণে পাসপোর্ট ইস্যু ও বিতরণ বিলম্বিত হতে পারে।**

❖ আবেদন ফরম পূরণের নিয়মাবলী/পদ্ধতিঃ

- www.epassport.gov.bd এই website এ visit করলে epassport ফরম পাবেন এবং পাসপোর্ট ফি ও কিভাবে আবেদন করতে হবে ইত্যাদি তথ্য জানতে পারবেন।
- http://www.dip.gov.bd এই website এ visit করলে MRP/MRV/epassport সংক্রান্ত সকল প্রয়োজনীয় তথ্য জানতে পারবেন।
- ই-পাসপোর্টেরআবেদন ফরম Online-এ পূরণ করতে হবে। আবেদন ফরমটি সঠিকভাবে পূরণ ও Submit করে Appointment Schedule নিন। অত:পর পাসপোর্ট অফিসে জমা দেওয়ার জন্য Appointment Schedule এবং আবেদন ফরমের ০১(এক) প্রস্থ প্রিন্ট কপি নিন। মনে রাখবেন, আবেদন ফরম গ্রহণ করে Enrollment Module এ সাবমিট করার পরে আবেদন ফরমের কোন তথ্য সংশোধন ( Edit) করা যায় না। তাই আবেদন ফরমটি পূরণ করে সাবমিট করার পূর্বে সমস্ত তথ্য যাচাই করে নিন। ভুল থাকলে রাইট বাটনে ক্লিক করে সংশ্লিষ্ট তথ্য সংশোধন করুন এবং এরপর Submit করুন।
- ই-পাসপোর্টের আবেদন ফরম পূরণের পূর্বে পাসপোর্ট ফি পরিশোধ করুন। Offline-এ ফি পরিশোধ করলে আবেদন ফরমে নির্ধারিত অনুচ্ছেদে ফি পরিশোধের তথ্যাদি এন্ট্রি করুন।
- জাতীয় পরিচয়পত্র (NID) অথবা জন্মনিবন্ধন সনদ ( BRC) অনুযায়ী (যার ক্ষেত্রে যেটা প্রযোজ্য) আবেদন ফরম পূরণ করতে হবে। তবে পূর্বের MRP থাকলে সেক্ষেত্রে MRP অনুযায়ী আবেদন ফরম পূরণ করতে হবে। MRP এবং NID/BRC এর তথ্যের সঙ্গে আবেদন ফরমের তথ্যের সামঞ্জস্য থাকতে হবে।
- তারকা চিহ্নিত ক্রমিক নম্বরগুলো অবশ্যই পূরণ করতে হবে ; তবে যাদের Given Name আছে, তারা আবেদন ফরমের ১৪ নং ক্রমিকে অবশ্যই Given Name লিখবেন।
- ফরম পূরণ ও ব্যাংকে টাকা জমাদানের সময় নামের বানানে কমা (,) (NID/BRC-তে থাকলেও) ব্যবহার করা যাবে না।
- নামের আগে পদবী (যেমনঃ Major, Dr. Advocate, Late, ইত্যাদি) ব্যবহার করা যাবে না।
- ০৬(ছয়) বছরের নিম্নে আবেদনকারীদের ক্ষেত্রে সাদা ব্যাকগ্রাউন্ডযুক্ত 3R সাইজের ম্যাট পেপারে রঙ্গীন ছবি Lab Print)-০১(এক)টি।
- দত্তক/অভিভাবকত্ব গ্রহণের ক্ষেত্রে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে জারিকৃত আদেশ দাখিল করতে হবে।
- স্থায়ী ঠিকানা, বৈবাহিক অবস্থা, পেশা অথবা অন্যান্য তথ্যাদি সংশোধন/পবিরর্তনের ক্ষেত্রে পরিবর্তিত তথ্য সংশ্লিষ্ট দলিলাদির ১ প্রস্থ করে ফটোকপি।
- স্বামী/স্ত্রীর নাম সংযোজনের ক্ষেত্রে বিবাহ সনদ/নিকাহ্নামা এবং বিবাহ বিচ্ছেদের কারণে স্বামী/স্ত্রীর নাম কর্তনের জন্য তালাকনামা দাখিল করতে হবে। আর স্বামী/স্ত্রী মারা গেলে। Death Certificate দাখিল করতে হবে।
- আবেদন ফরম জমার সময় উপরোক্ত দাখিলকৃত সকল ডকুমেন্ট যেমনঃ NID, BRC, MRP, Engineering পাসের সনদ, Driving License, ডাক্তারী সনদ, শিক্ষা সনদ (প্রযোজ্য মতে) ইত্যাদির মূল কপি এবং পূর্বের মূল পাসপোর্ট (যদি থাকে) সংশ্লিষ্ট পাসপোর্ট কর্মকর্তাকে প্রদর্শন করতে হবে এবং কর্তৃপক্ষের চাহিদামত Online Verified Copy জমা দিতে হবে। এছাড়াও আবেদনের প্রকৃতির উপর ভিত্তি করে অতিরিক্ত প্রমাণক দাখিল করতে হবে।
- যাদের দুই বা ততোধিক হাতের আঙ্গুল কর্তিত ( Finger Damaged/ফিঙ্গারপ্রিন্ট নেই) এবং যাদের এক বা একাধিক চোখের কর্ণিয়া অনুপস্থিত/টেরা/দৃষ্টি প্রতিবন্ধি তাদেরকে সরকারী হাসপাতালের ডাক্তারের সনদ দাখিল করতে হবে।
- দ্বৈত নাগরিকত্ব সনদঃ বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশী নাগরিকগণ বাংলাদেশ পাসপোর্ট গ্রহণের ক্ষেত্রে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে জারিকৃত দ্বৈত নাগরিকত্ব সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিল করতে হবে।
- প্রযোজ্য ক্ষেত্রে আবেদনকারীর ফরমে উল্লেখিত ঠিকানার সঠিকতা যাচাইয়ের নিমিত্ত(চেয়ারম্যান/মেয়র/কাউন্সিলর কর্তৃক) প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।

❖ ই-পাসপোর্টের ফি প্রদানের জন্য অনুমোদিত ব্যাংক/শাখা সমূহঃ

❖ সকল তফসিলি ব্যাংকের যে কোন শাখায় “A” চালানের মাধ্যমে ই-পাসপোর্ট এর ফিস পরিশোধ করতে পারবেন। এছাড়া Online (Debit/Credit Card/Visa Card /বিকাশ, ইত্যাদি) এর মাধ্যমে পাসপোর্ট ফি পরিশোধ করা যাবে।

❖ কিছু গুরুত্বপূর্ণ নির্দেশনাঃ

- আবেদন ফরম বর্তমান ঠিকানা সংশ্লিষ্ট বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস/আঞ্চলিক পাসপোর্ট অফিসে দাখিল করতে হবে।

- ১৮ বছর ও তদুর্ধ্ব সকল বয়সের আবেদনকারীর জাতীয় পরিচয় পত্রের ভিত্তিতে epassport এর মেয়াদ হবে ১০ বছর।
- পাসপোর্ট রি-ইস্যু/সংশোধনের ক্ষেত্রে মূল পাসপোর্ট প্রদর্শন করতে হবে।
- পাসপোর্ট ফি'র ব্যাংক রশিদটি আবেদন ফরমের উপরে আঠা দিয়ে আটকাতে হবে।
- সাদা ড্রেস এর ছবিতে পাসপোর্ট হয় না বিধায় পাসপোর্ট করার জন্য সাদা ড্রেস পরিহার করুন।
- epassport আবেদনের জন্য কাগজপত্রাদি ও ছবি সত্যায়ন প্রয়োজন নাই।
- অবাঞ্চিত লোক ও তার সহায়তা গ্রহণকারী সমান অপরাধী। এরূপ লোকের শরনাপন্ন হয়ে কেহ প্রতারিত হলে পাসপোর্ট কর্তৃপক্ষ এর জন্য দায়ী নয়।
- অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/অসত্য তথ্য সম্বলিত আবেদনের ক্ষেত্রে দায়ভার সংশ্লিষ্ট আবেদনকারীর উপর বর্তাবে।
- কোন সমস্যা হলে সংশ্লিষ্ট ডেস্কের সহায়তা নিন। প্রয়োজনের কর্মকর্তার পরামর্শ গ্রহণ করুন।

আওতাধীন আঞ্চলিক অফিস সমূহের প্রদত্ত সেবা

| ক্রম | **আওতাধীন আঞ্চলিক পাসপোর্ট অফিস সমূহের নাম** | **দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন নম্বর, ইমেইল ও ওয়েব লিঙ্ক)** |
|---|---|---|
| ১ | আঞ্চলিক পাসপোর্ট অফিস, মৌলভীবাজার | উপ পরিচালক<br>ফোন- ০১৭৩৩৩৯৩৩৬২<br>rpomoulovibazar@passport.gov.bd<br>https://passport.moulovibazar.gov.bd |
| ২ | আঞ্চলিক পাসপোর্ট অফিস, হবিগঞ্জ | সহকারী পরিচালক<br>ফোন-০১৭৩৩৩৯৩৩৬৩<br>rpohobiganj@passport.gov.bd<br>https://passport.hobiganj.gov.bd |
| ৩ | আঞ্চলিক পাসপোর্ট অফিস, সুনামগঞ্জ | সহকারী পরিচালক<br>ফোন-০১৭৩৩৩৯৩৩৯৬<br>rposunamgonj@passport.gov.bd<br>https://passport.sunamgonj.gov.bd |